অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/3/2021 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো এবং মেয়র ডি ব্লাসিও শুক্রবার ইয়াঙ্কি স্টেডিয়ামে গণ টিকাকরণের স্থান খোলার ঘোষণা করেছেন

ব্রঙ্কসের সংক্রমণের হার বর্তমানে সকল নিউ ইয়র্ক সিটি বরোর মধ্যে সর্বোচ্চ, সাইট শুধুমাত্র অ্যাপয়েন্টমেন্টের মাধ্যমে ব্রঙ্কসের বাসিন্দাদের জন্য সংরক্ষিত হবে

প্রথম সপ্তাহে 15,000 অ্যাপয়েন্টমেন্ট পাওয়া যাবে

নিউ ইয়র্ক ইয়াঙ্কিস, SOMOSকমিউনিটি কেয়ার এবং নিউ ইয়র্ক ন্যাশনাল গার্ডের সাথে অংশীদারিত্বের মাধ্যমে সাইটের উন্নয়ন সম্ভব হয়েছে

ইয়াঙ্কি স্টেডিয়াম সাইট রাজ্য এবং টিকা বিতরণ প্রক্রিয়ায় নিরপেক্ষতা এবং সমতা নিশ্চিত করতে সিটির অঙ্গীকার শক্তিশালী করবে

ব্রঙ্কসের বাসিন্দারা Somosvaccinations.com পরিদর্শন করে অথবা 1-833-SomosNY নম্বরে কল করে অ্যাপয়েন্টমেন্টের সময়সূচী নির্ধারণ করতে পারেন

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো এবং মেয়র বিল ডি ব্লাসিও আজ ঘোষণা দিয়েছেন যে ইয়াঙ্কি স্টেডিয়ামে গণ টিকাকরণ সাইট 5 ফেব্রুয়ারি শুক্রবার থেকে ব্রঙ্কসের যোগ্য বাসিন্দাদের জন্য COVID-19 টিকা প্রদান শুরু করবে। নিউ ইয়র্ক স্টেট, নিউ ইয়র্ক সিটি, নিউ ইয়র্ক ইয়াঙ্কিস, SOMOS কমিউনিটি কেয়ার এবং নিউ ইয়র্ক ন্যাশনাল গার্ডের মধ্যে একটি অংশীদারিত্বের মাধ্যমে প্রতিষ্ঠিত এই সাইটটি শুধুমাত্র ব্রঙ্কসের সংক্রমণের হার নিয়ে সরাসরি প্রতিক্রিয়া জানানোর জন্য তৈরি করা হয়েছে - যা নিউ ইয়র্ক শহরের সকল বরোর মধ্যে সর্বোচ্চ - কিন্তু একই সাথে টিকা বিতরণে ন্যায্য এবং সামাজিক সমতা বজায় রাখার রাষ্ট্র এবং শহরের নীতিমালা প্রতিষ্ঠাও এর উদ্দেশ্য।

"এটা পরিষ্কার যে কৃষ্ণাঙ্গ, ল্যাটিনো এবং দরিদ্র সম্প্রদায় COVID দ্বারা সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হয়েছে, এবং ব্রঙ্কসও এর ব্যতিক্রম নয়," **গভর্নর কুওমো বলেন।** "উচ্চ সংক্রমণ হার এলাকায় টিকা করণের লক্ষ্যে আমাদের প্রচেষ্টা কেবল সংক্রমণের হার কমানোর জন্যই নয়, বরং আমাদের টিকা বিতরণ প্রক্রিয়ায় সমতা নিশ্চিত করতে এবং ইয়াঙ্কি স্টেডিয়ামে একটি গণ টিকা সাইট খুলতে

সাহায্য করার জন্য কাজ করছে- ব্রঙ্কসের সবচেয়ে আইকনিক ল্যান্ডমার্ক- এই বরোকে টিকা দিতে সাহায্য করার জন্য এবং চিরতরে COVID কে হারানোর জন্য এটাই উপযুক্ত স্থান।"

"এই মেগা সাইট দেখাচ্ছে আমাদের তৃণমূল, সমতা চালিত নিউ ইয়র্ক সিটি ভ্যাকসিন ফর অল প্রচেষ্টা কী," **মেয়র ডে ব্লাসিও বলেছেন।** "ইয়াঙ্কি স্টেডিয়াম সবসময় তার ওয়ার্ল্ড সিরিজের ব্যানারের জন্য পরিচিত, কিন্তু এখন এটি এমন একটি জায়গা হিসেবে স্বীকৃত হবে যেখানে ব্রঙ্কসের আশেপাশের সম্প্রদায়ের মানুষ তাদের প্রয়োজনীয় এবং প্রাপ্য টিকার ডোজ পেতে পারে। এটা হচ্ছে ন্যায়বিচার এবং যে সব এলাকায় COVID-19 সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হয়েছে তাদের পক্ষে দাঁড়ানো।"

নিউ ইয়র্ক ইয়াঙ্কিস বলেছে, "নিউ ইয়র্ক ইয়াঙ্কিস COVID-19 আমাদের বরোতে যে মারাত্মক প্রভাব ফেলেছে তা অনুধাবন করছে, এবং ব্রঙ্কসের বাসিন্দাদের টিকা প্রদানের জন্য ইয়াঙ্কি স্টেডিয়ামকে একটি আয়োজক স্থান হিসেবে তুলে ধরা আমাদের সৌভাগ্য। এই টিকা আমাদের স্থানীয় সম্প্রদায়ের স্বাস্থ্যের উন্নয়নে তাৎক্ষণিক পার্থক্য গড়ে দেবে- যা এই মহামারী দ্বারা অভিভূত- এবং আমরা এই প্রচেষ্টার সাথে জড়িত সকলের প্রতি আমাদের কৃতজ্ঞতা জানাই, যার মধ্যে রয়েছে গভর্নর অ্যান্ড্রু কুওমো, নিউ ইয়র্ক অঙ্গরাজ্যের মেয়র বিল ডি ব্লাসিও, সিটি অফ নিউ ইয়র্ক এবং SOMOS কমিউনিটি কেয়ার। একে সফল করার জন্য যা যা করা প্রয়োজন আমরা তা করব।"

ইয়াঙ্কি স্টেডিয়ামে নতুন টিকাকরণ সুবিধা সহ নিউ ইয়র্কের চারপাশে টিকাকরণ প্রচেষ্টার নেতৃত্ব দিতে সাহায্যকারী কমিউনিটি ডাক্তারদের একটি নেটওয়ার্ক SOMOS-এর চেয়ারম্যান ডঃ রামন তালাজ বলেন, "ইয়াঙ্কি স্টেডিয়াম নিউ ইয়র্কে নায়কদের আবাসস্থল- এবং এটি বিশ্বব্যাপী এম্পায়ার স্টেটের মাহাত্ম্যের প্রতীক। ইয়াঙ্কি স্টেডিয়াম মানে গর্ব এবং আশাবাদ এবং যা নিউ ইয়র্ককে বিশেষ করে: এর সম্প্রদায়। এবং এই সম্প্রদায়ের বোধই গভর্নর কুওমো এবং নিউ ইয়র্ক শহরের সাথে আমাদের সহযোগিতাকে অত্যন্ত গুরুত্বপূর্ণ করে তুলেছে ভাকুনা দে এসপেরাঞ্জা - আশার টিকা - আশেপাশের এলাকায় নিয়ে আসার জন্য। পারিবারিক চিকিৎসক এবং কমিউনিটি ডাক্তারদের একটি নেটওয়ার্ক হিসেবে, আমরা একই ভাষায় কথা বলি, গল্প শেয়ার করি এবং আমরা যাদের সেবা করি এবং চিকিৎসা করি তাদের সংস্কৃতি বুঝতে পারি। আমরা অনেকেই আমাদের রোগীদের মত অভিবাসী। আমরা একই এলাকায় বাস করি। আমরা একই ভাষায় কথা বলি। ঐতিহাসিকভাবে প্রান্তিক জনগোষ্ঠীকে অবহেলা করা ব্যবস্থা যেমন বড় হাসপাতাল এবং ফার্মেসি চেইনের প্রতি তাদের অবিশ্বাস এবং সংশয় দূর করার জন্য আমরা একটি জাতীয় মডেল প্রস্তাব করছি। কিন্তু এটা ঘটানোর জন্য আমাদের স্থানীয়, রাষ্ট্র এবং ফেডারেল সমর্থন প্রয়োজন। ব্রঙ্কসে অবস্থিত সকল নিউ ইয়র্কবাসীদের জন্য একটি আইকনিক, পরিচিত সাইট পরিচালনা করা এবং মারিয়ানো রিভেরার মত ঘরোয়া নায়কদের পাশাপাশি একটি প্রধান পদক্ষেপ যা বিশাল সংখ্যক জনগোষ্ঠীর ব্যবস্থা করতে পারে - কিন্তু আমাদের নিশ্চিত হতে হবে যে আমরা ডোজ পেতে পারি যাতে এটি তার পূর্ণ সম্ভাবনায় পৌঁছাতে পারে। একটি অসাধারণ বেসবল সিনেমা, ফিল্ড অফ ড্রিমস, স্ক্রিপ্টে লেখা আছে 'যদি আপনি এটি নির্মাণ করেন, তারা আসবে।' আমি আশাবাদী যে ইয়াঙ্কি স্টেডিয়ামে অশ্বেতাঙ্গ সম্প্রদায়ের এবং টিকাকরণের ক্ষেত্রে এটা হবে- এবং আমরা SOMOS-এ হাতে টিকার ডোজ পেতে প্রস্তুত, যা আমাদের শহরকে কাজে ফিরে যেতে স্কুল এবং ছোট ব্যবসা পুনরায় খুলতে এবং এই

মহামারী থেকে আরোগ্য লাভ করতে প্রয়োজনীয়। ব্রঙ্কসের আমাদের নিউ ইয়র্কবাসীরা যারা টিকার অপেক্ষায় আছে, তাদের আশা চলে এসেছে।"

মেজর জেনারেল রে শিল্ডস, নিউ ইয়র্কের অ্যাডজুটেন্ট জেনারেল বলেছেন, "নিউ ইয়র্ক ন্যাশনাল গার্ডের সৈন্য এবং বিমানকর্মীরা ব্রঙ্কসের বাসিন্দাদের টিকা প্রদানের এই প্রচেষ্টার অংশ হতে পেরে আনন্দিত। নিউ ইয়র্ক ন্যাশনাল গার্ড 2020 সালের মার্চ থেকে রাষ্ট্রের COVID-19 প্রতিক্রিয়ার অংশ হয়েছে এবং বর্তমানে সারা রাজ্য জুড়ে 2,500 এরও বেশী পুরুষ এবং নারী এই মহামারী নিয়ন্ত্রণে কাজ করছে।"

5 ফেব্রুয়ারি শুক্রবার থেকে ইয়াঙ্কি স্টেডিয়াম সাইটটি সকাল 8টা থেকে রাত 8টা পর্যন্ত চলবে , সপ্তাহে সাত দিন। টিকা শুধুমাত্র অ্যাপয়েন্টমেন্টের মাধ্যমে প্রদান করা হবে এবং ব্রঙ্কসের বাসিন্দাদের জন্য সংরক্ষিত যারা নিউ ইয়র্কের 1a এবং 1b টিকা যোগ্যতার প্রয়োজনীয়তা পূরণ করে। যোগ্য ব্রঙ্কসের বাসিন্দারা Somosvaccinations.com গিয়ে অথবা 1-833-SomosNY-এ ফোন করে তাদের অ্যাপয়েন্টমেন্ট করতে পারবেন।

যে সকল ব্যক্তি ইয়াঙ্কি স্টেডিয়ামের জন্য অ্যাপয়েন্টমেন্টের সময়সূচী নির্ধারণ করে তাদের সাথে বসবাসের প্রমাণ আনতে হবে। ব্রঙ্কসে বসবাসের প্রমাণস্বরুপ একজন ব্যক্তিকে অবশ্যই দেখাতে হবে:

নিম্নলিখিতগুলির একটি:
- রাষ্ট্র বা সরকার ইস্যুকৃত আইডি;
- বাড়িওয়ালার বিবৃতি;
- বর্তমান ভাড়ার রসিদ বা লিজ;
- বন্ধকী রেকর্ড।

অথবা

নিম্নলিখিতগুলির দুইটি:
- অন্য কোনো ব্যক্তি থেকে প্রাপ্ত বিবৃতি;
- বর্তমান মেইল;
- স্কুল রেকর্ড।

এই বাস্তবতার সাথে যে ব্রঙ্কস গত কয়েক সপ্তাহ ধরে নিউ ইয়র্ক সিটি বরোর সর্বোচ্চ COVID-19 সংক্রমণের হার অব্যাহত রেখেছে, ইয়াঙ্কি স্টেডিয়াম সাইট স্থাপন গভর্নর কুওমোর COVID-19 টিকার ন্যায্য এবং সম বিতরণ নীতিমালা নিশ্চিত করতে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। 2020 সালের শেষের দিকে গভর্নর নিউ ইয়র্কের ভ্যাকসিন ইকুইটি টাস্ক ফোর্স চালু করার কথা ঘোষণা করেন। প্রতিষ্ঠার পর থেকে এটি টিকা দেওয়ার ক্ষেত্রে বাধা ভেঙ্গে এবং স্টেট জুড়ে ভ্যাকসিনের ন্যায়সঙ্গত বন্টন রয়েছে কিনা তা নিশ্চিত করে এবং দুর্বল ও নিম্নবিত্ত সম্প্রদায়গুলি যাতে পিছিয়ে না পড়ে তা নিশ্চিত করার লক্ষ্যে কাজ করেছে।

গভর্নর কুওমো এবং টাস্ক ফোর্সের নেতৃত্বে, নিউ ইয়র্ক কমিউনিটি টিকা কিট মোতায়েন এবং গির্জা, কমিউনিটি সেন্টার এবং পাবলিক হাউজিং কমপ্লেক্সে 'পপ আপ' কমিউনিটি ভিত্তিক টিকা সাইট স্থাপনের মাধ্যমে টিকা ব্যবহারের বাধা ভাঙ্গার জন্য কাজ করেছে। এই প্রচেষ্টার অংশ হিসাবে নিউ ইয়র্ক এই কিটগুলো মজুদ করা অব্যাহত রাখবে যতক্ষণ পর্যন্ত না সকল 33 NYCHA সিনিয়র হাউজিং ডেভেলপমেন্টে পপ-আপ সাইট স্থাপন করা হয়, যেখানে 7,600 জনেরও বেশি বয়স্ক ব্যক্তি রয়েছে। এছাড়াও স্টেটব্যাপী অন্যান্য পাবলিক হাউজিং কমপ্লেক্সে পপ-আপ স্থান স্থাপন অব্যাহত রাখার পাশাপাশি 300টিরও বেশি চার্চ এবং সাংস্কৃতিক কেন্দ্রে যারা ভ্যাকসিন ইকুইটি টাস্ক ফোর্স (Vaccine Equity Task Force)-এর মাধ্যমে এই সাইটগুলো পরিচালনার জন্য স্বেচ্ছাসেবক হিসেবে কাজ করেছে। 15 জানুয়ারি থেকে প্রায় 9,000 নিউ ইয়র্কবাসী এই কমিউনিটি ভিত্তিক পপ-আপ সাইটে তাদের প্রথম COVID-19 টিকা ডোজ পেয়েছে। পপ-আপ সাইটগুলোতে যেমন দেখা গিয়েছে, এই সাইটগুলো দ্বিতীয় ডোজ প্রদানের জন্য তিন সপ্তাহের মধ্যে পুনরায় স্থাপন করা হবে।

###

আরো সংবাদ পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন